



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

প্রেস বিজ্ঞপ্তি

১০ মে, ২০১৬

ঢাকা বিশ্ববিদ্যালয় ‘ল’ ক্লিনিক এর উদ্বোধন

“সামাজিক বৈষম্য দূর করে একটি বৈষম্যহীন সমাজ গড়তে আইনের শিক্ষার্থীরা মূল ভূমিকা রাখবে” আজ ১০ মে, ২০১৬ সকাল ১১ ঘটিকায় ঢাকা ঢাকা বিশ্ববিদ্যালয় ‘ল’ ক্লিনিকের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর জাতীয় সংসদের মাননীয় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী (এমপি), তার বক্তব্যে এই কথা তুলে ধরেন। তিনি আরো বলেন, “আইন শিক্ষার জন্য শুধুমাত্র প্রাতিষ্ঠানিক শিক্ষাই যথেষ্ট নয়, বরং ব্যবহারিক জ্ঞান প্রয়োজন”

বিশেষ অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ আ আ ম্ স্ আরেফিন সিদ্দিকী তার বক্তব্যে বলেন “ক্লিনিকাল লিগ্যাল এডুকেশনের মাধ্যমে দেশের সাধারণ মানুষ আইনের সাহায্য পাবে। তিনি আরো বলেন, সত্য অন্বেষণ সকল পেশাজীবির ব্রত হওয়া উচিত, সেই সাথে আইনের শিক্ষার্থীদের মূল নীতি হওয়া উচিত”

ব্লাস্টের অবৈতনিক নির্বাহী পরিচালক, সারা হোসেন বলেন “‘ল’ ক্লিনিক এর মাধ্যমে আমরা প্রান্তিক জনগোষ্ঠিকে সাহায্য করতে পারি এবং যারা বিভিন্ন ভাবে বৈষম্যের শিকার হচ্ছে তারা যেন আইনের সাহায্য পায় তা নিশ্চিত করতে পারি। এছাড়াও ‘ল’ ক্লিনিক এর মাধ্যমে আমরা আইনজীবী হিসেবে আমাদের সামাজিক দায়িত্ব পালন করতে পারবো”

ব্লাস্ট এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের যৌথ অংশীদারিত্বে প্রতিষ্ঠিত এই ‘ল’ ক্লিনিকের কার্যক্রম যুক্তরাজ্য সরকারের আর্থিক সহায়তায় কমিউনিটি লিগ্যাল সার্ভিসেস প্রকল্পের অধীনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদ কর্তৃক বাস্তবায়িত হবে। এই ‘ল’ ক্লিনিক ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষকবৃন্দের দ্বারা পরিচালিত হবে। ক্লিনিকটি রেফারাল সার্ভিসের মাধ্যমে বিনামূল্যে আইনি পরিসেবা প্রদান করা এবং প্রান্তিক ও সমাজের মূলস্রোতধারা থেকে বিচ্যুত জনগোষ্ঠিকে আইনি শিক্ষা দেয়া, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে আইনী সচেতনতা তৈরী সহ সুনির্দিষ্ট কাজে বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষার্থীদের সম্পৃক্ত করবে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের আইনের শিক্ষার্থীদের মাঝে জনবান্ধব মনোভাব সৃষ্টি ও জনস্বার্থে মামলা পরিচালনার ব্যবহারিক জ্ঞান ও পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি ‘ল’ ক্লিনিকের মাধ্যমে গ্রহন করা হবে।

উল্লেখ্য যে, ব্লাস্ট এর উদ্দেশ্যে ইতিপূর্বে রাজশাহী, চট্টগ্রাম ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে বিশ্ববিদ্যালয় ‘ল’ ক্লিনিক প্রতিষ্ঠিত হয়েছে যা বর্তমানে তাতেও কার্যক্রম পরিচালিত করছে। বাংলাদেশের আইনী শিক্ষা ব্যবস্থায় ‘ল’ ক্লিনিক একটি নতুন ও সৃজনশীল কর্মসূচি যা একই সাথে আইনের শিক্ষার্থীদের হাতে কলমে আইনি অভিজ্ঞতা প্রদান, শিক্ষার্থীদের সামাজিক কর্মকাণ্ডে সম্পৃক্তকরণ ও বিচারপ্রার্থীদের আইনি পরিসেবা প্রদান করে। বিশ্ববিদ্যালয় ‘ল’ ক্লিনিকগুলি সাধারণত সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সম্মানিত অধ্যাপকবৃন্দের তত্ত্বাবধানে পরিচালিত হয় এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও এর পার্শ্ববর্তী এলাকায় প্রো-বোনো সেবা প্রদান করে বা স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করে থাকে। ক্লিনিকের সহায়তায় আইন বিভাগের শিক্ষার্থীরা সাধারণত প্রান্তিক জনগোষ্ঠির অধিকার বিষয়ক গবেষণায় সহায়তা প্রদান, প্রশিক্ষণ ও মুটকোর্ট/মক ট্রায়ালে অংশগ্রহণ, আদালত/থানা/ভিকটিম সাপোর্ট সেন্টার/ব্লাস্টের বিভিন্ন ইউনিট কার্যালয় পরিদর্শনের মাধ্যমে প্রায়োগিক জ্ঞান লাভ ও দক্ষতা অর্জন করে।

কমিউনিটি লিগ্যাল সার্ভিসেস প্রোগ্রামের টিম লিডার জেরোম সোয়ার, বলেন “সিএলএস প্রোগ্রাম এর আওতায় প্রায় ৪০ টি জেলাতে, যা দেশের মোট ৬০ ভাগ এলাকায় কার্যক্রম পরিচালনা করছে। প্রায় ৩ কোটি মানুষকে সহায়তা করেছে, যার মধ্যে ৭৪ ভাগ নারী। সিএলএস প্রোগ্রাম সাধারণত, দরিদ্র, নগর বস্তি ও উপকূল এলাকায় কার্যক্রম পরিচালনা করে।

অন্যান্যের মধ্যে অধ্যাপক ড. তসলিমা মনসুর, ডীন, আইন অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়; প্রফেসর ড বোরহান উদ্দিন খান, বিভাগীয় চেয়ারম্যান, আইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; প্রফেসর ড. রহমতউল্লাহ, উপদেষ্টা, ক্লিনিক্যাল লিগ্যাল এডুকেশন প্রোগ্রাম, আইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং অধ্যাপক ডঃ মুহাম্মদ একরামুল হক, সমন্বয়কারী, ক্লিনিক্যাল লিগ্যাল এডুকেশন প্রোগ্রাম, আইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; উক্ত অনুষ্ঠানে উপস্থিত থেকে তাদের মূল্যবান বক্তব্য রাখেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের প্রায় ৪০০ জন শিক্ষার্থী সহ আইন বিভাগের শিক্ষকগণ, মানবাধিকার কর্মী ও দাতা সংস্থা থেকে অংশগ্রহণকারী হিসেবে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বার্তা প্রেরক:

মাহবুবা আজার,

উপ-পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট,

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩, ই-মেইল: mahbuba@blast.org.bd